**পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস**
**ঢাকা বিশ্ববিদ্যালয়**
(অফিস) ৮৬১৩২৮০
৯৬৬১৯০০-৫৯/৪০৭৯
ফ্যাক্স: ৮৮-০২-৯৬৬৭২২২

**OFFICE OF THE CONTROLLER OF EXAMINATIONS**
UNIVERSITY OF DHAKA
DHAKA-1000, BANGLADESH
Phone : (off.) 8613280
9661900-59/4079
Fax : 88-02-9667222
E-mail : examcontrollera7c@du.ac.bd

মেমো নংঃ- ১০০০/শা-২(ক)/প. তারিখঃ ০১ শ্রাবন ১৪২৬ / ১৬ জুলাই ২০১৯

১। অধ্যক্ষ, ঢাকা কলেজ, ধানমন্ডি, ঢাকা।
২। অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, আজিমপুর, ঢাকা।
৩। অধ্যক্ষ, বেগম বদরুন্নেছা সরকারি মহিলা কলেজ, বকশীবাজার, ঢাকা।
৪। অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজ, মিউনিসিপ্যাল স্ট্রীট, ঢাকা।
৫। অধ্যক্ষ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ, লক্ষ্মীবাজার, ঢাকা।
৬। অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, মিরপুর, ঢাকা।
৭। অধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ, গুলশান, ঢাকা।

## ২০১৮ সনের অনার্স ৩য় বর্ষ নিয়মিত, অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার ফরমপূরণের সংশোধিত বিজ্ঞপ্তি

অত্র অফিসের ১৫ জুলাই ২০১৯ তারিখের ৯৯৭/শা-২(ক)/প. নং মেমোর মাধ্যমে প্রকাশিত পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৮ সনের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার ফরমপূরণ নিম্নবর্ণিত তারিখ অনুযায়ী Online- এ সম্পন্ন করা হবে। পরীক্ষার তারিখ ও বিস্তারিত সময়সূচি যথাসময়ে ঘোষণা করা হবে। উল্লিখিত পরীক্ষার আবেদন ফরম, বিবরণী ফরম, আনুষঙ্গিক কাগজপত্র পূরণ ও জমাদানের তারিখ এবং ফরমপূরণের বিস্তারিত নিয়মাবলী নিম্নে দেয়া হলোঃ

| ক্র. নং | পরীক্ষার্থীদের ফি- এর বিবরণ | টাকা | পরীক্ষার্থী কর্তৃক আবেদন ফরমপূরণ শুরু ও জমাদানের শেষ তারিখ | ব্যাংক ড্রাফটের তারিখ |
|---|---|---|---|---|
| ০১ | তত্ত্বীয় ফি (প্রতি পূর্ণ পত্র) | ২০০/- | অনলাইনে আবেদনের শুরু তারিখ- **১৮/০৭/২০১৯**<br>শেষ তারিখ- **০৪/০৮/২০১৯**<br>কলেজ কর্তৃক নিশ্চয়নের শেষ তারিখ- **০৬/০৮/২০১৯** | **২০/০৮/২০১৯** |
| ০২ | তত্ত্বীয় ফি (প্রতি অর্ধ পত্র) | ১৪০/- | | |
| ০৩ | ব্যবহারিক (প্রতি পত্র/কোর্স) - বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ২০০/- | | |
| ০৪ | কেন্দ্র ফি- তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী)- কলেজে জমা হবে<br>১। কলেজের অংশ-৩০০/-<br>২। কেন্দ্রের অংশ-৪৫০/- | ৭৫০/- | | |
| ০৫ | কেন্দ্র ফি- ব্যবহারিক (প্রতি পরীক্ষার্থী)- কলেজে জমা হবে | ১২০/- | | |
| ০৬ | ইন-কোর্স পরীক্ষা ফিস (প্রতি পরীক্ষার্থী) - বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ১০০/- | | |
| ০৭ | বিশেষ অন্তর্ভুক্তি ফি (গ্রেড উন্নয়ন/মানোন্নয়ন প্রতি পরীক্ষার্থীর জন্য কোর্স প্রতি ফি'র অতিরিক্ত)- বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ৩০০/- | | |

**বিঃ দ্রঃ পরীক্ষার ফলাফল যথাসময়ে প্রকাশের স্বার্থে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন ফরমপূরণের জন্য শিক্ষার্থীদের অবহিত করতে হবে। ফরমপূরণের নির্ধারিত সময়ের পর আর কোন ফরম গ্রহণ করা হবে না।**

## আবেদন ফরম, বিবরণী ফরম, ফি জমাদান ফরম সংগ্রহ ও অন্যান্য নিয়মাবলী

**অনলাইনে আবেদন ফরমপূরণ (শিক্ষার্থীদের জন্য) ঃ**

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (7college.du.ac.bd) **Formfilup বাটনে** ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর ও বিষয় কোড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে পারবে। পূরণকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয় সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলী উল্লেখ থাকবে। **অনলাইনে ফরমপূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই সর্বোচ্চ ০৩ (তিন) বার সংশোধন করতে পারবে।**

খ) শিক্ষার্থীদের প্রিন্টকৃত ফরমে কলেজ **অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ** স্বাক্ষর করার পর ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি শিক্ষার্থী স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/ সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ১৮/০৮/২০১৯ তারিখের মধ্যে শিক্ষার্থীর পূর্বের তথ্যসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩১০ নং কক্ষে জানাতে পারবে।

## পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী ঃ

### নিয়মিত পরীক্ষার্থীদের জন্য

* ২০১৩-১৪ শিক্ষাবর্ষের প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী শুধমাত্র ২০১৫-১৬ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থীরা যারা ২০১৭ সনের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে এবং ৩য় বর্ষের শিক্ষাক্রম সম্পন্ন করেছে তাদের ডাটা ওয়েবসাইট-এ দেয়া আছে কেবল মাত্র যে সকল শিক্ষার্থীরা ২০১৮ সনের ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

### অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য

* ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী ইতোপূর্বে ২য় বর্ষ অনার্স পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু ২০১৬ ও ২০১৭ সনের ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে প্রমোটেড বা উত্তীর্ণ হয়নি, সে সকল শিক্ষার্থী ২০১৮ সালের ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে তাদের অনুত্তীর্ণ কোর্সসমূহে অংশগ্রহণ করবে।

### মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য

* জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী ইতিপূর্বে ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে ৪র্থ বর্ষে উত্তীর্ণ/প্রমোটেড হয়েছে তারা যে সকল কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে বা কোন একটি পত্রে অনুপস্থিত রয়েছে সে সকল কোর্সের পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এ ছাড়াও ২০১৭ সনের ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় যারা C বা D গ্রেড পেয়েছে তারা ঐ সকল কোর্সে ২০১৮ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে **একজন পরীক্ষার্থী সর্বোচ্চ দুইটি কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে। তবে কোন পরীক্ষার্থী একটি কোর্সে একবারের বেশি একাধিক বার গ্রেড উন্নতকরণের সুযোগ পাবে না। কোন শিক্ষার্থী যদি গ্রেড উন্নত করতে ব্যর্থ হয় তাহলে ঐ কোর্সে তার পূর্বের গ্রেড বহাল থাকবে।**

## ফি জমাদানের পদ্ধতি ঃ

২০১৭ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার সকল পরীক্ষার্থীদের ফিসের টাকা কলেজ কর্তৃপক্ষ "DU-Affiliated Colleges" শিরোনামে হিসাব নং:- ৪৪০৫৭০৩০০০০৬৬ এই নামে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে-অর্ডার করে জমা দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর সাথে Money Statement অবশ্যই সংযুক্ত করে দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হতে হবে। এছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুসারে প্রতিটি ফরমের মূল্য ১০০/- (একশত টাকা) যা নগদ টাকা বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে এবং কলেজ কর্তৃপক্ষের খরচ হিসেবে ৫০/- (পঞ্চাশ টাকা) করে প্রদান করবে।

**(মোঃ বাহালুল হক চৌধুরী)**
পরীক্ষা নিয়ন্ত্রক
ঢাকা বিশ্ববিদ্যালদয়
Email: examcontrollera7c@du.ac.bd